বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ডাকবাক্স নং ৩২৫
ঢাকা
বাংলাদেশ
www.bb.org.bd

কৃষিঋণ ও স্পেশাল প্রোগ্রামস বিভাগ
(কৃষি ঋণ উপ-বিভাগ)


সূত্র নং-এসিএসপিডি সার্কুলার নং :- ০৮

১৯ অগ্রহায়ণ, ১৪১৬
তারিখঃ---------------------
০৩ ডিসেম্বর, ২০০৯

ব্যবস্থাপনা পরিচালক
সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক লিঃ/
বাংলাদেশ কৃষি ব্যাংক/রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক,
প্রধান কার্যালয়
ঢাকা/রাজশাহী ।

ডাল, তৈলবীজ ও মসলা জাতীয় ফসল ও ভুট্টার জন্য ২% হার সুদে
কৃষি ঋণ বিতরণ সংক্রান্ত সংশোধিত নীতিমালা প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ে আমাদের অক্টোবর ১০, ২০০৬ তারিখের এসিএসপিডি সার্কুলার নং- ০৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। উক্ত সার্কুলারের ২য় পৃষ্ঠায় উল্লেখিত "রেয়াতিসুদে বিতরণকৃত ঋণের বিপরীতে ব্যাংক সমুহের আর্থিক ক্ষতিপূরণ" বিষয়ক (১) ও (৫) নং ক্রমিক দুটি নিম্মোক্তভাবে সংশোধিত হলো :

ক) ব্যাংকসমূহ বার্ষিক কৃষি ঋণ কর্মসূচীর আওতায় রেয়াতি সুদে বিতরণকৃত ঋণের আদায়কৃত/সমন্বয়কৃত ঋণ হিসাবসমূহের বিপরীতে সংশ্লিষ্ট বছর সমাপ্তির পরবতী ০১(এক) মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট ক্ষতিপূরণের আবেদন পেশ করবে।

খ) বাংলাদেশ ব্যাংকে দাখিলকৃত দাবীসমূহের ন্যুনতম ১০% ঋণ নথি সরেজমিনে যাচাই এর ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক প্রথমে তার নিজস্ব হিসাব হতে ব্যাংকসমূহের সুদ ক্ষতির অর্থ পরিশোধের ব্যবস্থা করবে । পরবর্তীতে বাংলাদেশ ব্যাংক যাচাই প্রতিবেদনসহ পরিশোধকৃত অর্থের বিবরণ অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করলে সরকার সুদ ক্ষতি বাবদ উক্ত পরিমাণ অর্থ বাংলাদেশ ব্যাংককে পুনর্ভরণ করবে ।

সার্কুলারের অন্যান্য শর্তাবলি অপরিবর্তিত থাকবে ।

এ নীতিমালা অনতিবিলম্বে কার্যকর হবে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

শেখ আজিজুল হক
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোন-৭১২৬৩৬৫